গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা
www.niyd.gov.bd



স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৪৫.১০৫.২১ (অংশ-১)- ১৬৭৬

তারিখ:- ২৬ শ্রাবণ ১৪৩৩ ব.
১০ আগস্ট ২০২৬খ্রি.

## "আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি"

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট পরিচালন বাজেটের আওতায় সম্পূর্ণ অস্থায়ীভাবে আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে এতদসংক্রান্ত যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে দরপত্র/প্রস্তাব (RFP) আহবান করছে।

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয় | : | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| ২ | জনবল সরবরাহের স্থান | : | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা |
| ৩ | দরপত্র আহবানকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা |
| ৪ | সেবা/কাজের বিবরণ (আউটসোর্সিং এর মাধ্যমে বর্ণিত পদসমূহে জনবল সরবরাহের ঠিকাদার নিয়োগ) | : | |

| ক্র: নং | ক্যাটাগরি | সেবার নাম | সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ক্যাটাগরি-৪ | মালী/গার্ডেনার (বাগানকর্মী) | ১টি | ০২ বছরের অভিজ্ঞতা |
| ২ | ক্যাটাগরি-৫ | রুম এটেনডেন্ট | ৪টি (০২ জন মহিলা) | - |
| ৩ | ক্যাটাগরি-৫ | ক্লিনার/পরিচ্ছন্নতা কর্মী | ৮টি (০২ জন মহিলা) | - |
| ৪ | ক্যাটাগরি-৫ | অদক্ষ শ্রমিক | ২টি | - |
| ৫ | ক্যাটাগরি-২ | প্লাম্বার | ২টি | ০২ বছরের অভিজ্ঞতা |
| ৬ | ক্যাটাগরি-৪ | বাবুর্চি (কুক) | ২টি | প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৩০০ জন লোকের রান্নার ০২ বছরের অভিজ্ঞতা |
| ৭ | ক্যাটাগরি-৫ | সহকারী বাবুর্চি | ২টি (০১ জন মহিলা) | - |

| | | | |
|---|---|---|---|
| ৫ | দরপত্র আহবানের সূত্র নং ও তারিখ | : | ৩৪.০৬.২৬৭২.০০০.৪৫.১০৫.২১(অংশ-১)-১৬৭৬ তারিখ:১০ আগস্ট ২০২৬খ্রি. |
| ৬ | দরপত্র আহবান পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ৭ | অর্থায়নের উৎস | : | জিওবি |
| ৮ | দরপত্র প্যাকেজের নাম | : | আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহ |
| ৯ | জনবল সরবরাহের সময়সীমা | : | কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে |
| ১০ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | : | ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখ (অফিস চলাকালীন) |
| ১১ | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | : | ০২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ (সকাল ৯.০০ টা থেকে বেলা ১২.০০ টা পর্যন্ত) |
| ১২ | দরপত্র খোলার তারিখ ও সময় | : | ০২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ (দুপুর ৩.৩০ ঘটিকায় সময়) |
| ১৩ | দরপত্র দলিল বিক্রয় ও দাখিলের স্থান | : | ০১। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, প্রশাসন-১ শাখা (কক্ষ নং: ৫০৬, ভবন ০৭)।<br>০২। জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা (৪র্থ তলা)।<br>০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, সাভার, ঢাকা। |
| ১৪ | দরপত্র খোলার স্থান | : | জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউ, সাভার, ঢাকা (৪র্থ তলা)। |
| ১৫ | চুক্তির মেয়াদকাল | : | ২০২৬-২০২৭ অর্থ বছর, অক্টোবর ২০২৬ -জুন ২০২৭ (নয় মাস) |
| ১৬ | দরপত্রের জামানত (ফেরতযোগ্য) | : | ১,০৮,৩৪৭/- টাকা মাত্র। যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। |
| ১৭ | দরপত্র আহবানকারীর নাম, পদবি ও ঠিকানা | : | মোহাম্মদ সেলিম রেজা, পরিচালক (উপসচিব), জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউ, সাভার, ঢাকা। |
| ১৮ | জনবল সরবরাহের বিস্তারিত বিবরণ ও শর্তাবলি দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত থাকবে। | | |
| ১৯ | শর্তাবলি: | | |

(১) দরপত্র/প্রস্তাব কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এবং আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর শর্তাবলি অনুযায়ী পরিচালিত হবে;
(২) নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে, কোন ব্যক্তির সাথে চুক্তি হবে না;
(৩) সরকারের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত/রেজিস্ট্রার্ড জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান হতে হবে;
(৪) দরদাতা প্রতিষ্ঠানের হাল সনের ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ, হাল সনের আয়কর পরিশোধ সনদ, অভিজ্ঞতার সনদপত্র ও ব্যাংক কর্তৃক আর্থিক সচ্ছলতার সনদ থাকতে হবে;
(৫) আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রতিষ্ঠানকে দরপত্র বিজ্ঞপ্তি ও দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত শর্তাবলির আলোকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
(৬) জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি, সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান ১ (এক) হতে ৩(তিন) মাসের অগ্রিম নোটিশে এবং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ৬ (ছয়) মাসের অগ্রিম নোটিশে বাতিল করতে পারবে;
(৭) চূড়ান্তভাবে মনোনীত প্রতিষ্ঠান কর্তৃক আউটসোর্সিং এর মাধ্যমে সরবরাহকৃত জনবলের অদক্ষতা বা অবহেলার কারণে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের কোনো ক্ষতি সাধিত হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার সম্পূর্ণ দায় বহন করতে হবে:
(৮) সিডিউলের মূল্য প্রতিটি ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র সিডিউল ক্রয়ের সময় নগদ (অফেরতযোগ্য) পরিশোধ করতে হবে;
(৯) আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে সীলমোহরকৃত বন্ধ খামে পদওয়ারী দর প্রস্তাব উল্লেখ করে হাল সনের ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদিসহ বর্ণিত দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র/ প্রস্তাব দাখিল করতে হবে;

(১০) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী জনপ্রতি সেবামূল্য নির্ধারণ করা হবে। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য তার নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে। বিধি মোতাবেক ভ্যাট সরকারি বরাদ্দ হতে প্রদান করা হবে এবং অর্থ মন্ত্রণালয় বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত হারে সরবরাহকারী প্রতিষ্ঠান বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর প্রদান করতে বাধ্য থাকবে;

(১১) আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে;

(১২) অর্থমন্ত্রণালয়ের অনুমতিক্রমে কাজের সন্তুষ্টি সাপেক্ষে উভয় পক্ষের সম্মতিতে চুক্তিপত্রের মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে;

(১৩) নিয়োজিত কর্মচারীগণ প্রয়োজনে ছুটির দিনে বা স্বাভাবিক অফিস সময়ের পরেও দাপ্তরিক কাজ করতে বাধ্য থাকবে;

(১৪) কাজ সন্তোষজনক না হলে কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক ১০ দিনের মধ্যে জনবল পরিবর্তন করে দিতে বাধ্য থাকবে;

(১৫) ২য় পক্ষ কর্তৃক নিয়োজিত জনবল বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে;

(১৬) দরপত্র/প্রস্তাব বাছাইয়ে যে প্রতিষ্ঠানের দরপত্র/প্রস্তাব বিবেচিত হবে কেবল সেই প্রতিষ্ঠানের প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে;

(১৭) কাজে নিয়োজিত ব্যক্তির পাসপোর্ট সাইজের ছবি সহ নাম, NID, ঠিকানা সম্মলিত জীবন বৃত্তান্ত অত্র দপ্তরে জমা প্রদান করিতে হইবে। নিয়োজিত জনবলকে প্রতিদিন অফিসে রক্ষিত হাজিরা খাতায় কাজের আরম্ভ এবং কাজ শেষে স্বাক্ষর প্রদান করিতে হইবে। দৈনিক স্বাক্ষরের ভিত্তিতে মাস শেষে বরাদ্দ থাকা সাপেক্ষে বিল পরিশোধ করা হইবে;

(১৮) অন্যান্য শর্তাবলি দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত থাকবে যা অবশ্যই প্রতিপালন করতে হবে;

(১৯) কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোনো বা সকল দরপত্র প্রস্তাব বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

(২০) দরপত্র বা চুক্তিনামায় যাহাই থাকুক না কেন সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ ও বিধি বিধান পালন করিতে হইবে।

(২১) আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে:

| সেবার নাম | সেবাকর্মীর শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | মাসিক সাকুল্য সেবামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|

২০/৮/২৫

মোহাম্মদ সেলিম রেজা
পরিচালক (উপসচিব)
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন: ০২-২২৪৪২৬০৩৩
ই-মেইল: director@niyd.gov.bd